BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

জুলাই-২০২০

BASMAH BULLETIN
July-2020

# করোনা সংকটে লক্ষাধিক মানুষের পাশে বাসমাহ ফাউন্ডেশন









## মেঘনার বুকে ভেসে থাকা সুবিধাবঞ্চিত চর চুয়াডাঙ্গা-রঘুনাথে ৫৫০টি পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেছে বাসমাহ ফাউন্ডেশন

**আবু মুহাম্মাদ জুনাইদ :** নারায়ণগঞ্জের সোনারগাঁও থানার মূল কেন্দ্র বেশ সমৃদ্ধ হলেও এর অদূরেই মেঘনা গহবরে নদীবেষ্টিত নূনেরটেক এলাকা ও এর আশপাশ এলাকা বেশ অবহেলিত ও সুবিধাবঞ্চিত। এখানে খাদ্য, কর্ম, চিকিৎসা, শিক্ষাসহ নিত্য প্রয়োজনীয় অনেক কিছুরই অভাব প্রকট। শহরমুখী মানুষ স্বাবলম্বী হলেও স্থানীয় অনেকেই এখনো বসবাস করেন দারিদ্য সীমার নিচে। বাসমাহ ফাউন্ডেশনের হেড অফিস থেকে এলাকাটির দূরত্বও বেশী নয়। তাই আমরা চেয়েছি এখানকার প্রতিটি অভাবী মানুষই যেন তার প্রাপ্য উপহারটুকু বুঝে পায়। করোনার এই প্রাদূর্ভাবে বাসমাহ ফাউন্ডেশন অত্র এলাকায় চারবার খাদ্য সামগ্রী বিতরণ করেছে। এসব খাদ্য সামগ্রী নূনেরটেক মূল ভূমিতে ২ দফায় ৩৫০টি পরিবার এবং পার্শ্ববর্তী সায়দাবাদ এলাকায় আরো ৩ শতাধিক পরিবারে বিতরণের পর ২৮ জুন চুয়াডাঙ্গা-রঘুনাথচরে ৫৫০ টি পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।





নদীবেষ্টিত এলাকা সায়দাবাদে খাদ্য সামগ্রী বিতরণ করছে বাসমাহ টিম

**বাসমাহ বুলেটিন ডেক্স :** নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানার একেবারে শেষ প্রান্তের এলাকা সায়দাবাদ, মেঘনার সাথে মিলে গেছে যা।

বারদি ইউনিয়নের এই এলাকাটি অত্যন্ত সুবিধাবঞ্চিত একটি এলাকা। আলহামদুলিল্লাহ এই এলাকার গরীব অসহায় তিন শতাধিক পরিবারের মাঝে ২০ জুন বাসমাহ ফাউন্ডেশনের পক্ষ থেকে নিত্য প্রয়োজনীয় উপহার হিসেবে খাদ্য সামগ্রী তথা চাল-ডাল এবং পরিচ্ছন্নতার জন্য প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা উপকরণ হিসেবে বিতরণ করা হয়েছে।




উপদেষ্টা : মীর সাখাওয়াত হোসাইন
সম্পাদক* : আবু মুহাম্মাদ জুনাইদ

অর্থ সহযোগীতায় Basmah

ব্যবস্থাপনায় BASMAH Foundation



## শোক বার্তা

**বাসমাহ ফাউন্ডেশন**
টেকনাফ শাখার সাবেক দায়িত্বশীল
**মাওলানা রহমত উল্লাহ** আর নেই!
(ইন্না-লিল্লাহ ওয়া ইন্না ইলাইহি রাজিউন)

**বাসমাহ পরিবার :** ২৬ জুন রাত ১টার দিকে তিনি চট্টগ্রাম ন্যাশনাল হাসপাতালে ইন্তেকাল করেছেন! বাসমাহর টেকনাফ শাখার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে এই মানুষটির অবদান অনস্বীকার্য।
কর্মময় এই মানুষটির আচানক ইন্তেকালে বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক জনাব মীর সাখাওয়াত হোসাইন স্যার গভীর শোক প্রকাশ করছেন, সমবেদনা জানিয়েছেন পরিবার ও পরিজনের প্রতি। মাওলানা রহমত উল্লাহ'র প্রয়াণে বাসমাহ ফাউন্ডেশনের সকল কর্মীগণ শোকাহত ও মর্মাহত।
আল্লাহ রাব্বুল আলামীন তার এই বান্দাকে জান্নাতের উঁচু মাকাম দান করুক! শোক-সন্তপ্ত পরিবারকে ধৈর্য্য ধারণের তাওফিক দিক! আমিন।
বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা পরিচালক জনাব মীর সাখাওয়াত হোসাইন বলেন, মরহুমের রেখে যাওয়া ছেলে মেয়ে ও অসহায় পরিবারের পাশে বাসমাহ থাকবে ইনশাআল্লাহ।



## নদীবেষ্টিত নুনেরটেক এলাকার সুবিধাবঞ্চিত মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ



**জুনাইদ :** নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও থানাধীণ একটি এলাকা নুনেরটেক। বারদী ইউনিয়নভুক্ত এই এলাকাটির চারপাশেই নদী। মেঘনার প্রমত্ত ঢেউ উপেক্ষা করেই প্রয়োজনের তাগিদে এখানকার মানুষ ছুটে আসেন শহরের দিকে। কিন্তু সামর্থহীন বহু মানুষ এখানে কোনো মতো দু'মুঠো খাবার খেয়েই জীবন যাপন করেন। চলমান করোনা সংকটে এখানকার হতদরিদ্র মানুষের অবস্থাও তাই হয়ে উঠেছে সঙ্গীন। গরিব, অসহায় ও হতদরিদ্র এসব মানুষের পাশে দাঁড়াতে ছুটে এসেছে বাসমাহ ফাউন্ডেশন।



আলহামদুলিল্লাহ গত ১৫ই জুন ২য় দফায় নুনেরটেকের ২০০ পরিবারে চাল-ডাল ও সাবান প্রদান করা হয়েছে।
উল্লেখ্য নুনেরটেকে ইতোপূর্বে আরো ১৫০টি পরিবারে খাদ্য সামগ্রী পৌঁছে দিয়েছে বাসমাহ।
মানবতার কল্যাণে, সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর এই মিশন অব্যাহত থাকুক অনন্ত কাল। সকল মানুষের মুখে ফুটে উঠুক সুন্দর ও নির্মল হাসি। জগত হয়ে উঠুক শান্তি ও সুখময়...

BASMAH Foundation

বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
জুলাই-২০২০

BASMAH BULLETIN
July-2020

# করোনার মহামারিতে কর্মব্যস্ত বাসমাহ মেডিকেল টিম








**আমিন আহমদ :** করোনার এই প্রাদুর্ভাবেও যারা ভয়কে জয় করে চিকিৎসা সেবায় সাহসের সঙ্গে কাজ করে যাচ্ছে, সেই সব চিকিৎসা যোদ্ধাদের কাতারে শামিল হতে পেরে বাসমাহ মেডিকেল টিম গর্বিত ও আনন্দিত! কক্সবাজারের টেকনাফে অবস্থিত বাস্তুচ্যুত রোহিঙ্গা শরণার্থী ও স্থানীয় অসহায় মানুষের সেবায় নিয়োজিত ‘বাসমাহ হেলথ পোস্ট’টিতে প্রতিষ্ঠার শুরু থেকে সপ্তাহের ৬দিন সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষধ-পথ্য সরবরাহ করা হচ্ছে।




## সিলেটের বালাগঞ্জে বাসমাহ ফাউন্ডেশনের খাদ্য সামগ্রী বিতরণ

**আসিফ ইকবাল :** সিলেটের বালাগঞ্জে করোনাভাইরাসের চলমান সংকটে কর্মহীন হয়ে পড়া দুই শতাধিক পরিবারে গত ৩ জুন বাসমাহ ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

এসব সামগ্রী বিতরণের ক্ষেত্রে BASMAH USA-এর অর্থায়ন এবং নিবেদিত প্রাণ স্বেচ্ছাসেবীবৃন্দ আমাদের কার্যক্রমে জোরালো ভূমিকা পালণ করেছে।







## সিলেট নগরীতে গরীব ও দুস্থ মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করছে বাসমাহ ফাউন্ডেশন

**বুলেটিন ডেস্ক :** করোনাভাইরাসের এই টানা বিপর্যয়ে মানবতার স্বার্থে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বাসমাহ ফাউন্ডেশন। তারই ধারাবাহিকতায় গত ১০-১৩ জুন সিলেট নগরীর ৭শত পরিবারে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। বাসমাহ ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় বিতরণী কাজে অংশ নিয়েছেন বাসমাহর একনিষ্ঠ ও নিবেদিতপ্রাণ একঝাঁক স্বেচ্ছাসেবী।



মানবতার স্বার্থে আমাদের সঙ্গে যুক্ত সকল দাতা, কর্মী, সাহায্যকারী ও স্বেচ্ছাসেবীদের প্রতি বাসমাহ কৃতজ্ঞ।

BASMAH Foundation

বাসমাহ বুলেটিন
জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...
জুলাই-২০২০

BASMAH BULLETIN
July-2020

# ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্ত খুলনার উপকূলবাসীর পাশে বাসমাহ




**বাসমাহ বুলেটিন ডেস্ক :** ১৬ জুন ১০৬৬টি পরিবারের কাছে বাসমাহ ফাউন্ডেশন পৌঁছে দিয়েছে খাদ্যসামগ্রী। নদী-নালা পেরিয়ে একেবারে প্রত্যন্ত অঞ্চলগুলোতে পৌঁছে গেছে বাসমাহ'র কর্মী ও স্বেচ্ছাসেবীবৃন্দ। করোনা পরিস্থিতে এই দূর্গম পথ পাড়ি দেয়া সহজ কথা নয়, তবুও মানবতার স্বার্থে এতো দূর পথ আসতে পেরে কর্মী ও স্বেচ্ছাসেবীগণ আনন্দিত ও গর্বিত। এই আয়োজনে সম্পৃক্ত প্রতিটি মানুষের প্রতি প্রাণঢালা ভালোবাসা ও দোয়া।

এই আয়োজনে খাদ্যসামগ্রী বিতরণের আওতায় ছিলো খুলনার কয়রা থানাধীন বেদকাশি ইউনিয়ন। এখানকার গোলখালি ও অংটিহারা গ্রামে বাসমাহর পক্ষ থেকে বিতরণ করা হয়েছে খাদ্য সামগ্রী। বিতরণের আওতায় রয়েছে দোশালিয়া, হোগলা এলাকাও। এছাড়াও খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে উত্তর বেদকাশীর অর্ধ হাজারেরও বেশী পরিবারের মাঝে। মানবতা বিলানোর এই মিশন অব্যাহত থাকুক। মানুষ হোক মানুষের জন্য...





# ঘূর্ণিঝড় আম্ফানে ক্ষতিগ্রস্ত মানুষের সাহায্য-সহযোগিতায় নিরলসভাবে কাজ করে যাচ্ছে বাসমাহ ফাউন্ডেশন




**বুলেটিন ডেস্ক :** চলমান করোনা সংকটে সারা বিশ্ব বিপর্যস্ত। এরই মধ্যে দেশের উপকূলীয় অঞ্চলের মানুষগুলোর জীবনে নতুন করে বিপদ নেমে এসেছে। অনেকের বাড়ী-ঘরের চাল সর্বনাশা ঘূর্ণিঝড় দূরে উড়িয়ে নিয়ে গেছে। দুমড়েমুচড়ে গেছে বহু মানুষের মাথা গোঁজানোর শেষ ঠাঁই টুকু। খাবারের কষ্টে তারা মানবেতর জীবন যাপন করছে। সাতক্ষীরার উপকূলীয় অঞ্চলে এমন ক্ষতিগ্রস্ত বহু মানুষের ঘরে চাল-ডাল, তেল, আলু, পেঁয়াজ সহ নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য প্রদান করেছে বাসমাহ ফাউন্ডেশন। নৌকা যোগে দূর্গম পথ অতিক্রম করে পৌঁছতে হয় তাদের কাছে। গত মে মাস থেকে চলছে খাবার পৌঁছানোর এই মিশন।

এসব ত্রাণ সামগ্রী বিতরণে বাসমাহ ফাউন্ডেশনকে সর্বাত্মক সহযোগিতা করছেন বাসমাহ'র স্বেচ্ছাসেবী ও সাউদার্ন চ্যারিটি ফাউন্ডেশনের কর্মীবৃন্দ।

আর্থিক যোগানদাতা হিসেবে সঙ্গে যুক্ত রয়েছে BASMAH USA



## কুষ্টিয়ায় হতদরিদ্র মানুষের মাঝে বাসমাহ ফাউন্ডেশনের খাদ্য সামগ্রী বিতরণ




**বুলেটিন ডেস্ক :** করোনা সংকটে খাবারের কষ্টে দূর্বিসহ জীবন যাপনকারী মানুষের পাশে দাঁড়ানোর মিশন এর অংশ হিসেবে গত জুনের শুরুতে কুষ্টিয়ার গরিব অসহায় ও হতদরিদ্র মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। বাসমাহ ইউএসএয়ের অর্থায়ন ও বাসমাহ ফাউন্ডেশনের ব্যবস্থাপনায় খাদ্য সামগ্রী বিতরণের কাজে সহযোগী হিসেবে কাজ করেছে নূরুল ইসলাম ওয়েলফেয়ার সোসাইটি।

## যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ
নারায়ণগঞ্জ, বাংলাদেশ।